

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংযোগ অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর: ০৪.০০.০০০০.৫১২.৮২.০০৩.১৯.২৯৮

তারিখ: ১১ আষাঢ়. ১৪২৬

২৫ জুন ২০১৯

বিষয়: নেট মিটারিং গাইডলাইন-২০১৮ অনুসরণে সকল সরকারি প্রতিষ্ঠানের ছাদে সৌর বিদ্যুৎ সিস্টেম স্থাপন।

সূত্র: বিদ্যুৎ বিভাগের স্মারক নম্বর: ২৭.০০.০০০০.০৯৩.৩৩.০৬১.১৯.১৪৫ তারিখ: ১৯.০৬.২০১৯

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত স্মারকে প্রাপ্ত পত্রের চিত্রপ্রতিলিপি এইসঙ্গে প্রেরণ করা হলো। পত্রে উল্লেখ করা হয়েছে যে নবায়নযোগ্য জ্বালানি প্রসারের মাধ্যমে সরকারের ঘোষিত ২০২০ সালের মধ্যে মোট উৎপাদিত বিদ্যুতের ১০% নবায়নযোগ্য উৎস হতে উৎপাদনের লক্ষ্যমাত্রা অর্জন এবং ভবিষ্যৎ জ্বালানির নিরাপত্তা নিশ্চিতকরণের ক্ষেত্রে নেট মিটারিং সিস্টেম স্থাপন এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। নবায়নযোগ্য জ্বালানি প্রসার এবং ভবিষ্যৎ জ্বালানির নিরাপত্তা নিশ্চিতকরণ, দেশের জেলা ও উপজেলা পর্যায়ে সকল সরকারি প্রতিষ্ঠানের ছাদে নেট মিটারিং গাইডলাইন অনুসরণে নেট মিটারিং সিস্টেম স্থাপনের বিষয়ে নির্দেশনা প্রদানের জন্য বিদ্যুৎ বিভাগ কর্তৃক মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ জানানো হয়েছে।

০২। এমতাবস্থায়, উল্লিখিত বিষয়ে যথাযথ ব্যবস্থা গ্রহণ এবং গৃহীত ব্যবস্থা সম্পর্কে বিদ্যুৎ বিভাগে প্রতিবেদন প্রেরণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: বর্ণনামতে তিন পৃষ্ঠা।



২৫-৬-২০১৯

মোঃ শাফায়াত মাহবুব চৌধুরী

উপ সচিব

ফোন: ৯৫৭৫৪৪৭

ফ্যাক্স: ৯৫৭৩৫৩৩

ইমেইল: dfal_sec@cabinet.gov.bd

বিতরণ :

- ১) সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব (সকল)
- ২) বিভাগীয় কমিশনার (সকল)
- ৩) জেলা প্রশাসক (সকল)